

ধরা-র কাছে মেঘ

শিবানী পাল

গোধূলি বেলায় বারান্দায় বসে সবুজ
ঘাসের দোলা দেখতে দেখতে হঠাৎই
চোখে পড়ল-
পুরো আকাশ খানা জুড়ে মেঘ।
তার ভেলা নিয়ে আনন্দে এতোই মত্ত যে,
ভুলেই গেছে সে যেন ধরা-র
পা ছুঁয়ে ফেলেছে;
মেঘ- তার বাড়ী তো উঁচু- উঁচু, অনেক
উঁচুতে।
কিন্তু ভানুর প্রখর প্রেম যখন ধরা-কে তপ্ত
করে দেয় তখন ঈর্ষায় অভিমান মেঘের
সাদা মুখখানি কালো গোমড়া হয়ে যায়।
অভিমানে ফুঁসতে থাকে আর সেই রাগ
তড়িৎ খেলে যায় তার হৃদয়ে জুড়ে।
প্রবল আক্রোশ তার হৃদয়ের সব
ভালোবাসা-প্রেম-অভিমান নিয়ে আছড়ে
পড়ে ধরা-র বুকে।
ভানু- একতরফা ধরাকে ভালোবাসে ধরা
তা উপেক্ষাও করতে পারেনা। কারণ সে
তার প্রয়োজন।
কিন্তু মেঘ ? - তার ভালোবাসায় ধরা
প্রশান্তি লাভ করে।
একে অপরকে কাছে পেয়ে প্রসন্নতায়
হৃদয়ে খুশীর লহরী ছোটে।
ধরা হয়ে উঠে নরযৌবনা।
মেঘ-মেঘ যে তার প্রিয়জন।
প্রয়োজন আর প্রিয়জন।
প্রিয়জনের ভালোবাসায় কি খুব শক্তি ??

* * *